

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.০২৭.০০.০০.০২৯.২০১৩-


তারিখ ২৩ - ০৮ - ১৪২১ বাং
০৭ - ১২ - ২০১৪ খ্রিঃ

বিষয়ঃ দত্ত মওকুফের আপিল আবেদন প্রসংগে।

- সূত্রঃ (১) সেবা পরিদপ্তরের ০৮-০৭-২০১৪ খ্রিঃ তারিখের ডিএনএস/শা-১/১শ-৮৫৭/৯৯/৫০১৭ সংখ্যক স্মারক।
(২) মোছাঃ শবনম মোস্তারী এর ০৯-০৭-২০১৪ খ্রিঃ তারিখের আবেদন।
(৩) সেবা পরিদপ্তরের ২৬-০৮-২০১৪ খ্রিঃ তারিখের ডিএনএস/শা-১/১শ-৮৫৭/৯৯/৬৯০৪ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সেবা পরিদপ্তরের ১নং সূত্রে বর্ণিত আদেশে মোছাঃ শবনম মোস্তারী (পিতা-মোঃ মখলেছুর রহমান), সিনিয়র স্টাফ নার্স, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুরকে বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) ধারা মোতাবেক ডিজারশনের অভিযোগে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হয়। তিনি উক্ত দন্ডদেশ মওকুফের জন্য ২ নং সূত্রে আপিল আবেদন দাখিল করেন। আপিল আবেদনের উপর সেবা পরিদপ্তর কর্তৃক ৩ নং সূত্রে বর্ণিত স্মারকে অনুচ্ছেদ ওয়ারী মন্তব্যসহ তথ্যাদি সরবরাহ করা হলে আপিল নিষ্পত্তিকারী কর্তৃপক্ষ এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক ২৭-১১-২০১৪ খ্রিঃ তারিখ এবং ০৩-১২-২০১৪ খ্রিঃ তারিখে মোছাঃ শবনম মোস্তারী এর শুনানী গ্রহণ করা হয়েছে।

২। এ সংক্রান্ত কাগজপত্রাদি পর্যালোচনা করে শুনানী গ্রহণ শেষে আপিল নিষ্পত্তিকারী কর্তৃপক্ষ কর্তৃক রায় প্রদান করা হয়েছে যে “বিভাগীয় মামলায় প্রদত্ত বরখাস্ত আদেশ সঠিক বলে মনে হয়। আদেশ বহাল রাখা হলো”।



(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৭৭৯

পরিচালক
সেবা পরিদপ্তর
১৪-১৫ মতিঝিল বা/এ
ঢাকা।


নং-৪৫.১৫৮.০২৭.০০.০০.০২৯.২০১৩-

৬৪০/৩ (৫)

তারিখ ২৩ - ০৮ - ১৪২১ বাং
০৭ - ১২ - ২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। পরিচালক, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
২। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। যুগ্ম-সচিব (হাসপাতাল ও নার্সিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। মোছাঃ শবনম মোস্তারী (পিতা-মোঃ মখলেছুর রহমান), প্রাক্তন সিনিয়র স্টাফ নার্স, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর, গ্রামঃ কালিকাপুর, ডাকঘরঃ-দুর্গাপুর বাজার, উপজেলাঃ পার্বতীপুর, জেলাঃ দিনাজপুর।


(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব